

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

**গণ-বিজ্ঞপ্তি**


গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২- এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি ফারাহ্ গুল নিব্বুম, জেলা প্রশাসক, ঝালকাঠি ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/ ৩০ কার্তিক ১৪৩০ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ের রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার- শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৩	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্চে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ১২৫ ঝালকাঠি-১ (রাজাপুর ও কাঠালিয়া উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/ ১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়, ঝালকাঠি) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়, রাজাপুর ও কাঠালিয়া) মনোনয়নপত্র গৃহীত হবে।

তারিখ: ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর




ফারাহ্ গুল নিব্বুম  
জেলা প্রশাসক, ঝালকাঠি

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪  
১২৫ ঝালকাঠি-১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৪। উপ-মহাপুলিশ পরিদর্শক, বরিশাল রেঞ্জ, বরিশাল।
- ০৫। যুগ্ম সচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৭। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৮। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ০৯। পুলিশ সুপার, ঝালকাঠি।
- ১০। উপসচিব (নির্বাচন সহায়তা/নির্বাচন পরিচালনা-১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি। (তাদেরকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)।
- ১২। জেলা নির্বাচন অফিসার, ঝালকাঠি।
- ১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝালকাঠি।
- ১৪। জেলা তথ্য অফিসার, ঝালকাঠি। (গণ-বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১৫। উপজেলা নির্বাচন অফিসার, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি। (তাদেরকে গণ-বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডসহ গুরুত্বপূর্ণ স্থানে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১৬। সহকারী সচিব, নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১/২, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ১৭। অফিসার ইন-চার্জ, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি।
- ১৮। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি।
- ১৯। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব/রিপোর্টার্স ইউনিট, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি।
- ২০। নোটিশ বোর্ড ..... কার্যালয়, রাজাপুর ও কাঠালিয়া, ঝালকাঠি।
- ২১। অফিস নথি

  
ফারাজ গুল নিবুম  
জেলা প্রশাসক, ঝালকাঠি

ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪  
১২৫ ঝালকাঠি-১